



(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নীতি ও সংগঠন শাখা
ঢাকা

নং-১৯.০০.০০০০.১২১.০২.১৩১.২০(১০৩০)/৯৩৫

তারিখ: ২৫ জানুয়ারি ২০২২

প্রেরক: জনাব মো. আরিকুজ্জামান তিয়াষ
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)

প্রাপক: জনাব সবুজ আহমেদ
পরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নির্দেশিত হয়ে Prime Minister Fellowship-এর “Strengthening the Capacity of Public Administration for Achieving SDGs (SCPA-SDG)” Project শীর্ষক প্রকল্পের আওতায় University of Sydney, Australia, -তে “Master of International Security” শীর্ষক কোর্স সম্পন্ন করার জন্য আপনার অনুকূলে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ হতে ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত দুই বছর মেয়াদী (ভ্রমণ ও কোয়ারেন্টাইন সময় ব্যতীত) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেষণ মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত প্রেষণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) প্রেষণের সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে।
- খ) আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না।
- গ) যাতায়াতের বিমান ভাড়া সহ উচ্চশিক্ষার্থে যাবতীয় ব্যয়ে মন্ত্রণালয়ের কোন ধরণের আর্থিক সংশ্লেষ থাকবে না।
- ঘ) বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না।
- ঙ) উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর লব্ধ উচ্চ শিক্ষার সাথে সামঞ্জস্যপূর্ণ পদে আপনাকে পদায়িত করা হবে এবং অন্যান্য দুই বছর আপনাকে সে পদে স্থিত রাখা হবে।
- চ) উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর পুনরায় বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনয়ন প্রাপ্তির পূর্বে আপনাকে চার বছর মেয়াদের চাকুরি পূরণ করতে হবে, তবে শুধু ডক্টরেট এবং পোস্ট ডক্টরেট রিসার্চের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।
- ছ) উচ্চ শিক্ষা শেষে দেশে ফিরে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- জ) উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনি আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ সাল এর নিকটবর্তী সময়ে ঢাকা ত্যাগ করবেন এবং কোর্স শেষে ২০২৪ সালের ২০ ফেব্রুয়ারি তারিখে বা এর নিকটবর্তী সময় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।

০৩। জনাব সবুজ আহমেদ এর সাথে তার স্ত্রী ও এক সন্তান তাঁর নিজ খরচে সহগামী হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রেষণ আদেশ জারি করা হলো।

Amir 06.02.22

(মো. আরিকুজ্জামান তিয়াষ)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)
ফোন: ০২২২৩৩৫০৯০৮

নং-১৯.০০.০০০০.১২১.০২.১৩১.২০(১০৩০)/৯৩৫

তারিখ: ২৫ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। অতিরিক্ত সচিব (ইন্সপেক্টর জেনারেল অব মিশনস), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সংস্থাপন-১/এস.এস.এ/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। বাংলাদূত, ক্যানবেরা/সিডনী, অস্ট্রেলিয়া।
- ৯। অফিস কপি।

Amir 06.02.22

(মো. আরিকুজ্জামান তিয়াষ)
সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)